



ইউআইইউতে আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

কম্পিউটার ও তথ্যপ্রযুক্তিবিষয়ক ২১তম আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান শুক্রবার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং বিশেষ অতিথি ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউআইইউ'র ভিসি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান, স্বাগত বক্তব্য রাখেন প্রোভিসি অধ্যাপক ড. হাসনান আহমেদ। বিশ্বের সবচেয়ে বড় প্রকৌশল পেশাদারদের সংগঠন ইন্সটিটিউট অব ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার্সের (আইইইই) বাংলাদেশ সেকশনের সভাপতি অধ্যাপক সেলিয়া শাহনাজ, টেক্সাস এঅ্যান্ডএম বিশ্ববিদ্যালয়ের ডিন এবং অধ্যাপক ড. মোহাম্মদ এস আলম বক্তব্য রাখেন। সংবাদ বিজ্ঞপ্তি।